
# জলবায়ু পরিবর্তন সম্পর্কিত যোগাযোগের কার্ড

## ব্যবহার নির্দেশিকা



CLIMATE ASIA




# ভূমিকা

## সবাইকে আমন্ত্রণ!

আপনি কি যোগাযোগ কৌশল নির্ধারণের প্রক্রিয়ায় আপনার অডিয়েন্স এবং অন্যান্য সহযোগীদেরকে সম্পৃক্ত করতে চান?

**তাহলে এই কার্ডগুলো আপনারই জন্য!**

এই কার্ডগুলো আপনাকে সাহায্য করবে:

- যে বিষয়টি নিয়ে কাজ করবেন তার ওপর ভিত্তি করে প্রকল্পের মূল বিষয় বা থিম নির্বাচন করতে
- লক্ষ্য নির্ধারণ করতে
- অডিয়েন্স বা দর্শক-শ্রোতাদেরকে চিহ্নিত করতে
- সহযোগীদের চিহ্নিত করতে
- যোগাযোগের সঠিক মাধ্যম নির্বাচন করতে
- যোগাযোগের সঠিক ধরন বা ফরম্যাট বেছে নিতে

শুরু করুন






# বিষয়বস্তু


## সংক্ষিপ্ত কিছু ধারণা /

- ক্লাইমেট এশিয়া'র প্রেক্ষাপট
- পারস্পরিক ও সমন্বিত যোগাযোগ

## কার্ডগুলোর ব্যবহার/

- কার্ডগুলো কীভাবে ব্যবহার করতে হবে
- টিমের সদস্যদের সঙ্গে কার্ডগুলোর ব্যবহার
- অডিয়েন্স ও সহযোগীদের সঙ্গে কার্ডগুলোর ব্যবহার

## কৃতজ্ঞতা স্বীকার/

# ক্লাইমেট এশিয়া'র প্রেক্ষাপট:

ক্লাইমেট এশিয়া প্রকল্পের একটি অংশ হলো 'জলবায়ু পরিবর্তন সম্পর্কিত যোগাযোগের কার্ড'। জলবায়ু পরিবর্তন নিয়ে মানুষের নিত্যদিনের অভিজ্ঞতার ওপর পরিচালিত সবচেয়ে বড় গবেষণা হলো এই ক্লাইমেট এশিয়া। এই প্রকল্পটি এশিয়ার সাতটি দেশে পরিচালিত হয়েছে।

এই প্রকল্পের উদ্দেশ্য হলো গণমাধ্যম ও যোগাযোগের অন্যান্য মাধ্যমগুলোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের ফলে সরাসরি ক্ষতিগ্রস্থ মানুষদেরকে প্রয়োজনীয় তথ্য জানানো যাতে তারা এই পরিবর্তনগুলোর প্রতি সাড়া দিতে পারে।

২০১২ সালে বিবিসি মিডিয়া অ্যাকশন বাংলাদেশ, চীন, ভারত, ইন্দোনেশিয়া, নেপাল, পাকিস্তান ও ভিয়েতনামে এই গবেষণাটি পরিচালনা করে। ৩৩,০০০ এরও বেশি কোয়ান্টিটেটিভ ইন্টারভিউর (সংখ্যাবাচক গবেষণা সাক্ষাৎকার) পাশাপাশি ফোকাস গ্রুপ ডিসকাশন ও কমিউনিটি অ্যাসেসমেন্টের সমন্বয়ে পরিচালিত এই গবেষণার মাধ্যমে মানুষের জীবনযাপন পদ্ধতি ও তারা কীভাবে জলবায়ুর পরিবর্তনের প্রতি সাড়া দিচ্ছে তার একটি পরিষ্কার চিত্র ফুটে উঠেছে।



মানুষের চাহিদা অনুযায়ী নিজস্ব যোগাযোগের ধারা নির্মাণ করতে সরকার থেকে শুরু করে বিভিন্ন দাতাগোষ্ঠী, গণমাধ্যম ও এনজিও—সবাইকে সাহায্য করার লক্ষ্যেই কাজ করছে ক্লাইমেট এশিয়া।

এ বিষয়টি নিশ্চিত করার জন্য আমরা বেশ কিছু উপকরণ তৈরি করেছি। এই উপকরণগুলোর মধ্যে যোগাযোগের এই কার্ডগুলো যেমন রয়েছে তেমনি রয়েছে বিভিন্ন তথ্য অনুসন্ধানের সুবিধা সম্বলিত ক্লাইমেট এশিয়া ডাটা পোর্টাল, গবেষণার পদ্ধতির বিস্তারিত তথ্যসহ দেশ ভিত্তিক গবেষণা প্রতিবেদন এবং জলবায়ু পরিবর্তন সম্পর্কিত যোগাযোগ বিষয়ে একটি নির্দেশিকা। আর এ সবকিছুই পাওয়া যাবে www.bbc.co.uk/climateasia এই ওয়েবসাইটে।

# পারস্পরিক ও সমন্বিত যোগাযোগ

যোগাযোগের এই কার্ডগুলো পারস্পরিক ও সমন্বিত উদ্যোগের একটি উপকরণ হিসেবে তৈরি করা হয়েছে যা ব্যবহার করে আপনি বিভিন্ন গোষ্ঠীর মানুষের সঙ্গে যোগাযোগের কৌশল তৈরি করতে পারবেন।

## পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ বলতে আমরা কী বোঝাতে চাই?

'টার্গেট অডিয়েন্স'-এর সদস্য এবং অন্যান্য 'স্টেকহোল্ডার' বা অংশীজনদের সাথে নিয়ে একটি সম্মিলিত প্রক্রিয়ায় একসাথে কাজ করাই হলো পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ। আমরা বিশ্বাস করি, কোনো একটি এলাকার জনগোষ্ঠী এবং সেই সাথে অন্যান্য ব্যক্তিবর্গ ও সংগঠনকে একত্রিত করার মাধ্যমে জলবায়ু পরিবর্তন বিষয়ে আরও কার্যকরী যোগাযোগ গড়ে তোলা সম্ভব।

## 'Bottom-up approach' বা তৃণমূল থেকে সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

জলবায়ু পরিবর্তন বিষয়ক যোগাযোগের জন্য বহুদিন ধরেই উপর থেকে নিচে (top-down approach) অর্থাৎ নীতি-নির্ধারক থেকে ধাপে ধাপে তৃণমূল পর্যায়ে যোগাযোগের ধারা অনুসৃত হয়ে আসছে। এভাবে জলবায়ু পরিবর্তন সম্পর্কিত বৈজ্ঞানিক তত্ত্ব বা তথ্যগুলো প্রায়ই অনেকটা চুইয়ে নিচে নামার মতো করে ভুক্তভোগীদের কাছে যায়। ফলে এ ধরনের যোগাযোগ মাঝে মাঝে বিভ্রান্তি সৃষ্টি করে কিংবা মানুষের কাছে এমন বার্তা পৌঁছে দেয় যার সাথে তাদের প্রতিদিনকার অভিজ্ঞতার কোনো সম্পর্ক নেই। কাজেই এ ধরনের যোগাযোগের পরিবর্তে যদি তৃণমূল থেকে সম্মিলিত সিদ্ধান্ত (bottom-up approach) গ্রহণ করা হয় তাহলে জলবায়ু পরিবর্তন সম্পর্কে মানুষের বাস্তব অভিজ্ঞতা থেকেই যোগাযোগ শুরু করা সম্ভব হয়। একই ভাবে তৃণমূলের বা ভুক্তভোগী এইসব মানুষের প্রয়োজন বা অগ্রাধিকারগুলো কী এবং কীভাবে তাদের সবচেয়ে বেশি সহায়তা করা যায় সে বিষয়গুলোও বোঝা যায়।



## উপলব্ধি থেকে সমন্বিত উদ্যোগ

পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ গ্রহণের বিষয়টি শুধুমাত্র আপনার 'টার্গেট অডিয়েন্স' বা কাঙ্ক্ষিত শ্রোতা-দর্শকের উপলব্ধিগুলো বোঝার মাঝেই সীমাবদ্ধ নয়। বরং এটি হলো যোগাযোগ কৌশল তৈরিতে অডিয়েন্স বা দর্শক-শ্রোতাদেরকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা, যা সংশ্লিষ্ট প্রকল্প বা প্রোগ্রামটির প্রতি তাদের অধিকার বা মালিকানা আরও বাড়িয়ে দেয়। এছাড়া আপনি যে যোগাযোগ বিষয়ক প্রকল্পটি তৈরি করছেন সেখানে 'টার্গেট অডিয়েন্স' কীভাবে অংশগ্রহণমূলক ভূমিকা রাখতে পারে সেটিও আপনি ভাবতে পারেন। অর্থাৎ সবকিছু মিলিয়ে 'টার্গেট অডিয়েন্স'-এর জন্য যোগাযোগ কৌশল তৈরির চাইতে 'টার্গেট অডিয়েন্স'কে সাথে নিয়ে যোগাযোগ কৌশল তৈরি এবং কীভাবে চলমান সংলাপে তাদের সম্পৃক্ত করা যায় সে বিষয়গুলো সম্পর্কেই ভাবতে হবে।

## অধিক সংখ্যক সহযোগীকে সম্পৃক্ত করা

শুধুমাত্র 'টার্গেট অডিয়েন্স'কে নিয়ে কাজ করাটাই পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ নয়। বরং সম্মিলিত প্রক্রিয়ার মাধ্যমে আপনি হয়তো সহযোগীদের একটি বড় অংশকেও আপনার উদ্যোগের সাথে সম্পৃক্ত করতে চাইবেন। যদিও একটি সমাজ বা সম্প্রদায়ের সাথে কাজ করার সময় সহযোগীদের সাথে পরামর্শ করা এবং তাদেরকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করার মধ্যে পার্থক্য রয়েছে। শুধুমাত্র নানা ধরনের অনুমোদন বা সম্মতির জন্যই নয়, বরং কৌশল নির্ধারণেও তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা নিশ্চিত করার কথা ভাবতে হবে।

# কার্ডগুলো কীভাবে ব্যবহার করতে হবে

**এই কার্ডগুলো থেকে সবচেয়ে ভালো ফল পাবার উপায় হলো এই কার্ডগুলো ক্লাইমেট এশিয়া'র প্রকাশনা 'জলবায়ু পরিবর্তন সম্পর্কিত যোগাযোগ: আমরা যা করতে পারি' শীর্ষক নির্দেশিকাটির সাথে ব্যবহার করা। যোগাযোগের কৌশল নির্ধারণ সম্পর্কে বিস্তারিত পরামর্শ দেওয়া আছে এই নির্দেশনায়, যার মধ্যে রয়েছে বিভিন্ন ব্যবহারিক পরামর্শ ও কর্মকাণ্ড।**

এখানে ছয় ধরনের কার্ড রয়েছে। একটি কার্যকরী যোগাযোগ কৌশলে যে ছয়টি উপাদান বা বিষয় থাকা প্রয়োজন তারই প্রতিনিধিত্ব করে এই কার্ডগুলো। এই উপাদানগুলো হলো:

- আপানার প্রকল্পের **মূল বিষয় বা থিম**
- আপনার যোগাযোগের **লক্ষ্য**
- আপনার টার্গেট **অডিয়েন্স** বা কাঙ্ক্ষিত দর্শক-শ্রোতা
- আপনি যেসব **সহযোগীর** সঙ্গে কাজ করবেন
- যোগাযোগের যে **মাধ্যমগুলো** আপনি ব্যবহার করবেন
- যোগাযোগের যে **ধরন বা ফরম্যাট** আপনি ব্যবহার করবেন

উপরে উল্লেখিত প্রতিটি বিষয়ের জন্য এক সেট করে 'ভিজুয়াল কার্ড' রয়েছে। যোগাযোগের ধারা তৈরিতে আপনি যেসব বিষয় বিবেচনায় নিতে পারেন সেগুলো এই কার্ডেগুলোতে দেওয়া আছে। আপনি যাতে নতুন কোনো বিষয় যোগ করতে পারেন সেজন্য এখানে কিছু খালি কার্ডও দেওয়া আছে।



**আপনার আঞ্চলিক ভাষায় কার্ডের শিরোনাম লেখার জন্য প্রতিটি কার্ডে জায়গা রাখা আছে। এখানে আপনি সরাসরি লিখতে বা আঁকতে পারবেন।**

আপনি যদি ইতিমধ্যেই কোনো প্রকল্প হাতে নিয়ে থাকেন তবে আপনার এখনকার কাজ বিশ্লেষণ ও আপনার যোগাযোগ কৌশলে আরও যুগোপযোগী পরিবর্তন আনতে এই কার্ডগুলো কাজে লাগাতে পারবেন। এছাড়া সম্পুর্ণ নতুন কোনো যোগাযোগের কৌশল নির্ধারণেও এই কার্ডগুলো আপনি ব্যবহার করতে পারেন।

এই কার্ডগুলো ব্যবহার করার সময় আপনি নির্দিষ্ট কোনো বিষয় নিয়ে কাজ করার জন্য সবগুলো কার্ডের বিষয়বস্তুর প্রতি আলাদাভাবে চোখ বোলাতে পারেন অথবা ছয়টি কার্ডই একসঙ্গে ব্যবহার করতে পারেন যাতে আপনি আরও বিস্তৃত যোগাযোগ কৌশল তৈরি করতে পারেন।

প্রতিটি উপাদানের ক্ষেত্রেই কীভাবে নিজের টিমের সদস্যদের মধ্যে সংশ্লিষ্ট কার্ডটি ব্যবহার করতে হবে এবং যোগাযোগ কৌশল নির্ধারণে অডিয়েন্স ও সহযোগীদের সম্পৃক্ত করতে হবে সে সম্পর্কে কিছু ধারণা দেওয়া আছে। তাছাড়া আপনি নিজেও এই কার্ডগুলো ব্যবহারের নতুন কোনো পদ্ধতি উদ্ভাবন করতে পারেন।

**এই কার্ডগুলো থেকে যদি কোনো উপাদান বাদ পড়ে তবে তা লেখা বা আঁকার জন্য খালি কার্ডগুলো ব্যবহার করুন। খালি কার্ডগুলোর আরও কপি ছাপিয়ে আপনি আপনার নিজস্ব কার্ডের সেটও বানিয়ে নিতে পারেন। যেমন: আপনার নিজের তৈরি কার্ডগুলোতে আপনার প্রকল্প অঞ্চলের জন্য মানানসই কিছু ছবি থাকতে পারে।**



# টিমের সদস্যদের সঙ্গে কার্ডগুলোর ব্যবহার

অডিয়েন্স ও সহযোগীদের সঙ্গে কার্ডগুলো ব্যবহারের আগে আপনি এগুলো নিজের টিমের সদস্যদের সঙ্গে ব্যবহার করে দেখতে পারেন। বর্তমান কাজের বিশ্লেষণ করা, যোগাযোগ কৌশলকে আরও বিকশিত করার সম্ভাব্য উপায়গুলো খতিয়ে দেখা বা নতুন কোনো যোগাযোগ কৌশল তৈরিতে আপনারা এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন।

পরামর্শ

**কার্ডগুলো একটি টেবিলে সাজিয়ে রাখুন এবং এরপর সেগুলো একটি আরেকটির সাথে মিশিয়ে আপনার যোগাযোগ কৌশলের সম্ভাব্য একটি রূপরেখা তৈরি করুন। এভাবে কার্ডগুলো নানান আঙ্গিকে মিশিয়ে বিভিন্ন ধরনের যোগাযোগ কৌশল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করুন।**

# কর্মকাণ্ড

আপনার টিমের সদস্যদের সঙ্গে নিয়ে প্রথমেই কার্ডগুলো ভালোভাবে দেখুন যাতে এগুলোর বিষয়বস্তু সম্পর্কে আপনারা একটি ধারণা পেয়ে যান।

এরপর যেকোনো একটি বিষয় নির্বাচন করে সেখান থেকে এমন একটি কার্ড বেছে নিন যেটি আপনার প্রকল্পের সঙ্গে সবচেয়ে বেশি মানানসই। এক্ষেত্রে আপনাকে ভেবে দেখতে হবে যে আপনার বিদ্যমান প্রকল্পে আপনি এখন কোন কাজগুলো করছেন (আপনি যদি ইতিমধ্যেই কোনো প্রকল্প হাতে নিয়ে থাকেন) বা ভবিষ্যতে কোনো প্রকল্পে আপনি কোন কাজগুলো করার কথা ভাবছেন (আপনি যদি ভবিষ্যতে কোনো প্রকল্প হাতে নেওয়ার পরিকল্পনা করেন)। আপনার প্রকল্পের কাজের সাথে মিলে যায় এমন একাধিক কার্ড থাকতে পারে। তবে আপাতত এমন একটি কার্ডই বেছে নিন যা আপনার কাজের সাথে সবচেয়ে ভালোভাবে মিলে যায়। আর যদি কোনো কার্ড খুঁজে না পান তাহলে খালি কার্ডগুলো ব্যবহার করতে পারেন। মনে রাখবেন, আপনার প্রকল্পের সাথে সামঞ্জস্যপূর্ণ কোনো কার্ড খুঁজে না পেলে আপনি খালি কার্ডগুলোতে লিখে নতুন কার্ড তৈরি করতে পারবেন। এক্ষেত্রে ছয়টি মূল উপাদানের প্রতিটির জন্যই একটি করে কার্ড তৈরি করুন যাতে সেগুলো আপনার প্রকল্পের মূল বিষয়গুলোকে তুলে ধরে।

এবার একবারে একটি করে প্রতিটি উপাদানের কার্ডের ওপরই চোখ বোলান। আপনার প্রকল্পের সঙ্গে মানানসই বাড়তি কোন কার্ড থাকলে তা বেছে নিন। আপনার প্রকল্পে একাধিক মূল বিষয় বা থিম, টার্গেট অডিয়েন্স বা কাঙ্ক্ষিত দর্শক-শ্রোতা এবং যোগাযোগের মাধ্যম থাকলে আপনাকে একাধিক কার্ড বাছাই করতে হতে পারে। এবার সবগুলো কার্ড টেবিলে সাজিয়ে রাখুন অথবা দেয়ালে টানিয়ে দিন যাতে সবাই সেগুলো দেখতে পায়। এরপর দলের সবাই কার্ডগুলো নিয়ে আলোচনা করুন। এসময় নিচের বিষয়গুলো বিবেচনায় নিন:

- আপনারা কেন এই কার্ডগুলো বেছে নিলেন?
- এই কার্ডগুলোর ভিন্ন ভিন্ন বিষয় কীভাবে একে অপরের সঙ্গে যুক্ত হতে পারে?
- এর মাধ্যমে কি পরিষ্কার কোন চিত্র পাওয়া যাচ্ছে, নাকি কোন কিছু বাদ পড়েছে? (কোনো কিছু বাদ পড়ে থাকলে নতুন তৈরি করা কার্ডগুলো ব্যবহার করে এই সমস্যাটি দূর করুন )



সবশেষে, ভেবে দেখুন আপনি কীভাবে আপনার যোগাযোগ কৌশলটির আরও বিকাশ ঘটাতে পারেন বা এটিকে আরও উন্নত করতে পারেন। এই যোগাযোগ কৌশলের কোন দিকগুলো আপনি আরও উন্নত করতে চান? যেমন 'সহযোগী' সম্পর্কিত কার্ডটি দেখার সময়ে নিজেকে প্রশ্ন করুন, 'সহযোগীদের সঙ্গে আমরা এখন কীভাবে কাজ করছি? তাদের সঙ্গে কীভাবে আরও সক্রিয়ভাবে কাজ করা যায়?' এভাবে অন্য কার্ডগুলোতেও চোখ বুলিয়ে নিন এবং আপনার যোগাযোগ কৌশলকে কীভাবে আরও কার্যকরী করা যায় তা ভাবুন।

এরপর নিজেকে প্রশ্ন করুন:

- আপনি অন্য ক্ষেত্র বা বিষয়গুলোতে কেন মনোযোগ দেননি?
- এমন কিছু কি আছে যা আপনি করতে চান কিন্তু এখনও করছেন না?
- আপনি যদি অন্য কোনো বিষয় বা উপাদান যোগ করেন তাহলে আপনার যোগাযোগ কৌশলে কী ধরনের পরিবর্তন আসবে?

যদি আপনি নতুন কোনো বিষয় বা উপাদান যোগ করার সিদ্ধান্ত নেন তাহলে সেই কার্ডগুলো আগের কার্ডের চারপাশে ছড়িয়ে রাখুন। এর ফলে আপনি বুঝতে পারবেন আপনার যোগাযোগ কৌশলকে কীভাবে আরও বিস্তৃত করা যেতে পারে।




**এলোমেলোভাবে যেকোনো একটি কার্ড বেছে নিন (যেমন সহযোগী, যোগাযোগের মাধ্যম বা ফরম্যাট)। এবার এই কার্ডের বিষয়টিকে কীভাবে আপনার যোগাযোগ কৌশলে কাজে লাগানো যায় তা ভাবুন।**

# অডিয়েন্স ও সহযোগীদের সঙ্গে কার্ডগুলোর ব্যবহার

আপনার অডিয়েন্সের যোগাযোগের প্রয়োজনগুলো আরও ভালোভাবে বুঝতে বা সম্মিলিতভাবে প্রকল্প বাস্তবায়নে সহযোগীদেরকে সম্পৃক্ত করতে আপনি এই কার্ডগুলো আপনার অডিয়েন্স ও সহযোগীদেরকে সঙ্গে নিয়ে ব্যবহার করতে পারেন।

## কার্যকরী অধিবেশনের পরিকল্পনা করা

অডিয়েন্স ও সহযোগীদের নিয়ে কার্ডগুলো ব্যবহারের জন্য তাদের সঙ্গে বৈঠক বা অধিবেশন আয়োজনের পরিকল্পনা করতে হবে। লক্ষ রাখবেন, এই অধিবেশনগুলো যতটা সম্ভব ইন্টারঅ্যাক্টিভ করতে হবে, যাতে করে অধিবেশনটি যারা আয়োজন করছেন এবং এতে যারা অংশ নিচ্ছেন তাদের উভয় পক্ষের মধ্যে চিন্তা-ভাবনার আদান-প্রদান ঘটতে পারে। শুধু অডিয়েন্স ও সহযোগীদের মত নেওয়াই নয়, এভাবে আপনি প্রকৃত অর্থেই তাদেরকে আপনার যোগাযোগের কৌশল নির্ধারণ প্রক্রিয়ায় যুক্ত করতে পারবেন।

ভেবে দেখুন কাদেরকে আপনি এসব অধিবেশনে আমন্ত্রণ জানাতে চান এবং কেন। তাদেরকে এই অধিবেশনে আমন্ত্রণ জানিয়ে আপনি কোন বিষয়টি অর্জন করতে চান? আপনি কি তাদের উপলব্ধি কিংবা নতুন ভাবনার কথা জানতে চান, নাকি দুটোই? অপনি যদি আপনার অডিয়েন্সের মধ্য থেকে কয়েকজনকে আমন্ত্রণ জানাতে চান তবে খেয়াল রাখুন যাতে তারা আপনার টার্গেট অডিয়েন্স তথা দর্শক-শ্রোতাকে প্রতিনিধিত্ব করে।
এই কার্ডগুলো ছোট (৫-১০ সদস্য বিশিষ্ট) দলের জন্য সবচেয়ে বেশি কার্যকর। এতে অংশগ্রহণকারীরা সরাসরি এই কার্ডগুলো নিয়ে কাজ করতে পারেন, যেমন: কার্ডগুলো আলাদা করা বা সারিবদ্ধ করা। এর ফলে অংশগ্রহণকারীদের এক ধরনের ক্ষমতায়ন হয় এবং বিষয়টি একটি গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে অগ্রসর হয় কারণ এখানে আপনি সবার কাছ থেকেই মতামত নিতে পারছেন।



যদি আপনি বড় কোন বৈঠকের পরিকল্পনা করেন, তবে অংশগ্রহণকারীদের ছোট দলে ভাগ করে নিতে পারেন এবং কয়েক সেট কার্ড ব্যবহার করে বিভিন্ন কর্মকাণ্ড পরিচালনা করতে পারেন। তাছাড়া এই কার্ডগুলোকে একটি ভিজ্যুয়াল টুল হিসেবে ব্যবহার করে পুরো দলের সঙ্গে একটি কাঠামোবদ্ধ আলোচনা পরিচালনা করতে পারেন।

আপনি কোথায় এবং কত সময় ধরে এই অধিবেশনগুলো পরিচালনা করবেন তাও ভেবে দেখুন। কার্ডগুলো কার্যকরীভাবে ব্যবহারের জন্য অন্তত দুই ঘণ্টার অধিবেশনের দরকার হবে। এই সময়ের মধ্যে আপনি কার্ডগুলো ব্যবহার করে দুই-তিন রকমের কর্মকাণ্ড পরিচালনা করতে পারেন, সংক্ষিপ্ত একটি ওয়ার্ম-আপ (অংশগ্রহণকারীদের প্রস্তুত করে নেওয়া) কার্যক্রম এবং একটি প্রশ্নোত্তর পর্বের অয়োজন করতে পারেন। আরও সময় থাকলে আধাবেলা বা দিনব্যাপী অধিবেশনের আয়োজন করতে পারেন যেখানে আপনি বিভিন্ন নতুন ধারণা উপস্থাপন করতে পারবেন এবং সেগুলো নিয়ে অংশগ্রহণকারীদের সঙ্গে বিস্তারিতভাবে আলোচনা করতে পারবেন।




**প্রাথমিক আলাপচারিতা বা কোনো ওয়ার্ম-আপ কার্যক্রম দিয়ে অধিবেশন শুরু করুন যাতে হালকা ও মজার একটি পরিবেশ তৈরি করা যায়।**

পরামর্শ

**বৈঠকের শেষে একটি ছোট প্রশ্নোত্তর পর্ব রাখুন যাতে কার্ডগুলোর ব্যবহার সম্পর্কে অংশগ্রহণকারীদের মতামত নেওয়া যায়। এর মাধ্যমে আপনি পরবর্তী অধিবেশনগুলো আরও সফলভাবে পরিচালনা করতে পারবেন।**

## কোন কার্ডগুলো ব্যবহার হবে তা নির্ধারণ করা

একটি অধিবেশনে সব ধরনের কার্ড ব্যবহারের প্রয়োজন নেই। বরং অধিবেশনের নির্দিষ্ট সময়টিকে কত ভালোভাবে কাজে লাগাতে পারবেন তা নিয়ে বাস্তবসম্মত ধারণা রাখুন। যেমন: কোনো একটি নির্দিষ্ট শ্রেণীর অডিয়েন্সের সঙ্গে বৈঠকের সময় তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, তাদের ব্যবহৃত যোগাযোগ মাধ্যম এবং যোগাযোগের কোন ফরম্যাটগুলোর প্রতি তারা বেশি আগ্রহী সেই বিষয়গুলোতে নজর দিন।

তাছাড়া আপনি যে বিষয়গুলো আলোচনার জন্য বাছাই করবেন তার সবগুলো কার্ডই যে ব্যবহার করতে হবে এমন নয়। যেমন: আপনি 'ফরম্যাট' উপাদানটি আলোচনার জন্য বেছে নিলেন। এই বিষয়ের কার্ডগুলোর মধ্য থেকে যেগুলো সম্পর্কে অংশগ্রহণকারীদের ভালো ধারণা নেই সেগুলো আপনি বাদ দিতে পারেন। উদাহরণ হিসেবে বলা যায়, 'ফরম্যাট' বিষয়ের 'সামাজিক যোগাযোগের মাধ্যম' কার্ডটি আপনি বাদ দিতে পারেন



যদি আপনার অডিয়েন্স বা অংশগ্রহণকারীদের ইন্টারনেট ব্যবহারের সুযোগ না থাকে। তবে এসব ক্ষেত্রে অংশগ্রহণকারীদের সম্পর্কে আগেই কোন সিদ্ধান্ত নিয়ে ফেলবেন না। কোনো কোনো ব্যপারে তাদের মতামত বা উত্তর হয়তো আপনাকে অবাক করেও দিতে পারে।

## বিভিন্ন কর্মকান্ডের পরিকল্পনা করা

আপনি আপনার অডিয়েন্স ও সহযোগীদেরকে কীভাবে কাজে লাগাতে চান এবং এই অধিবেশন থেকে আপনি কী অর্জন করতে চান তার ওপর ভিত্তি করে বিভিন্ন কর্মকান্ডের পরিকল্পনা তৈরি করুন। এই কার্ডগুলো আপনি ব্যবহার করতে পারেন:

- অডিয়েন্স এবং সহযোগীদের চাহিদা সম্পর্কে **ধারণা** পেতে
- আপনার বর্তমান ও প্রস্তাবিত যোগাযোগ কৌশল সম্পর্কে তাদের **মতামত** জানতে
- **পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ**-এর ভিত্তিতে যোগাযোগ কৌশল নির্ধারণ করতে

উদাহরণ স্বরূপ বলা যায় যে, যোগাযোগের ক্ষেত্রে আপনার অডিয়েন্স কোন বিষয়গুলোকে প্রাধান্য দেন বা আপনার সহযোগীদের অগ্রাধিকারগুলো সম্পর্কে জানতে আপনি এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন।

যদি আপনি ইতিমধ্যে কোনো যোগাযোগ কৌশল নির্ধারণ করে থাকেন তবে এই কার্ডগুলো ব্যবহার করে আপনি আপনার অডিয়েন্স ও সহযোগীদের কাছে এই যোগাযোগ কৌশলটি ব্যাখ্যা করতে পারেন।

পরামর্শ

**উপলব্ধি বা ধারণা, মতামত ও পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ–অধিবেশনের সময় মিলিতভাবে এই সবগুলো বিষয়ের ওপর ভিত্তি করে কিছু কর্মকাণ্ড পরিচালনা করার জন্য আপনি এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন।**

আপনি অংশগ্রহণকারীদের নানা ধরনের কার্ড দেখাতে পারেন যাতে আপনার যোগাযোগ কৌশলটি সম্পর্কে তারা একটি ধারণা পেয়ে পান। এরপর এই যোগাযোগ কৌশলের কোন বিষয়টি তাদের ভালো লেগেছে বা কোন বিষয়গুলো তাদের ভালো লাগেনি এ বিষয়ে তাদের **মতামত** নিতে পারেন।

এই ব্যাপারটি আপনি আরও এক ধাপ এগিয়ে নিয়ে **পারস্পরিক ও সমন্বিত উদ্যোগ**-এর প্রক্রিয়া অনুসরণ করতে পারেন। এজন্য তাদেরকে জিজ্ঞাসা করুন যে আপনার যোগাযোগ কৌশলে এমন কোনো বিষয় আছে কি না যা তারা বদলাতে চান। আপনি এই কার্ডগুলো নিয়ে তাদেরকে কোনো খেলায় আমন্ত্রণ জানাতে পারেন। খেলার অংশ হিসেবে নতুন কার্ড যোগ করা বা পুরনো কার্ড বাদ দেয়ার মাধ্যমে সবাই মিলে যোগাযোগের কৌশলটি পরিবর্তন, পরিবর্ধন করুন।

আপনি আপনার অডিয়েন্স ও সহযোগীদেরকে একটি যোগাযোগ কৌশল প্রস্তাব করার কথাও বলতে পারেন। প্রতিটি বিষয় থেকে কার্ড বেছে নিয়ে একটি নির্দিষ্ট শ্রেণীর অডিয়েন্সের জন্য তারা একটি যোগাযোগ কৌশলের পরিকল্পনা করতে পারেন। যেমন: পানির সমস্যা নিয়ে নারীদের জন্য একটি রিয়েলিটি টিভি শো ।

পরামর্শ


**মনে রাখবেন, এই কার্ডগুলো কীভাবে ব্যবহার করবেন এ ব্যাপারে আপনি নিজেই কোনো পদ্ধতি উদ্ভাবন করতে পারেন। এই কার্ডগুলো এমনভাবে তৈরি করা হয়েছে যাতে আপনি নিজের সুবিধামতো উপায়ে এগুলো ব্যবহার করতে পারেন।**



# বিভিন্ন কর্মকাণ্ডের ধারণা



# মূল বিষয় বা থিম/
জীবিকা








# মূল বিষয় বা থিম নির্বাচন করুন

আপনার অডিয়েন্স ও সহযোগীদের কাছে কোন বিষয়গুলো সবচেয়ে গুরুত্বপূর্ণ তা বোঝার জন্য আপনি 'মূল বিষয় বা থিম' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এক্ষেত্রে আপনি হয়তো বিভিন্ন অংশীজনের অগ্রাধিকারগুলোর মধ্যে তুলনা করে দেখতে চাইবেন। যেমন: আপনার অডিয়েন্স বা দর্শক-শ্রোতারা যে বিষয়টি নিয়ে সবচেয়ে বেশি উদ্বিগ্ন সেই একই বিষয় নিয়ে কি দাতারাও কাজ করতে চাইছেন?

## **লক্ষ্য/**
## সচেতনতা বৃদ্ধি







# লক্ষ্য নির্ধারণ করুন

সহযোগীরা আপনার প্রকল্পের মাধ্যমে কী অর্জন করতে চাইছেন তা বোঝার জন্য আপনি ‘লক্ষ্য’ সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। উদাহরণ স্বরূপ, আপনার অডিয়েন্স বা দর্শক-শ্রোতারা কোন বিষয়টিকে প্রাধান্য দিচ্ছেন-তথ্য পাওয়ার সুযোগ, সক্ষমতা বৃদ্ধি, নাকি আয়ের সংস্থান? আর প্রকল্পটি থেকে আপনার সহযোগীরা কী ফলাফল পেতে চান?

# অডিয়েন্স/
## কৃষক








# অডিয়েন্স সম্পর্কে জানুন

কোন ধরনের অডিয়েন্স নিয়ে কাজ করা উচিৎ তা নির্ধারণের জন্য আপনি 'অডিয়েন্স' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি যে জনগোষ্ঠীর মানুষের জন্য কাজ করতে চান তাদের কাছে জানতে চাইতে পারেন যে তাদের মধ্যে কোন মানুষগুলোর সাহায্যের সবেচেয়ে বেশি প্রয়োজন। আপনার প্রকল্পের অন্যান্য সহযোগীদের সঙ্গেও আপনি এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এর মাধ্যমে আপনি জানতে পারবেন কোন মানুষগুলো ইতিমধ্যেই অন্য প্রকল্পের আওতায় এসেছে অথবা কোন গোষ্ঠীর মানুষের জন্য এখনও কোনো প্রকল্প পরিচালিত হচ্ছে না।

## সহযোগী/
গণমাধ্যম







# সহযোগীদের সম্পৃক্ত করুন

‘সহযোগী’ সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করে আপনার প্রকল্পের লক্ষ্য পূরণে সাহায্য করতে পারেন এমন সহযোগীদেরকে আপনি চিহ্নিত করতে পারবেন। এই কার্ডগুলো ব্যবহার করে আপনি বুঝতে পারবেন আপনার প্রকল্পের সাফল্যের জন্য কাদের সঙ্গে আপনাকে কাজ করতে হবে এবং কারা আপনার প্রকল্পকে আরও সমৃদ্ধ করে তুলবে। আলোচনা করার আগে আপনি খালি কার্ডগুলোতে আপনার বর্তমান ও সম্ভাব্য সহযোগী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম লিখে নিতে পারেন।

# যোগাযোগের মাধ্যম/
টেলিভিশন








# যোগাযোগের মাধ্যম নির্বাচন করুন

আপনার অডিয়েন্সের কাছে পৌঁছানোর জন্য কোন যোগাযোগের মাধ্যমগুলো ব্যবহারের সুযোগ রয়েছে তা চিহ্নিত করার জন্য 'যোগাযোগের মাধ্যম' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করুন। আপনার টার্গেট অডিয়েন্সের সঙ্গে এই কার্ডগুলো ব্যবহার করে আপনি জানতে পারবেন তারা যোগাযোগের কোন মাধ্যমগুলো নিয়মিত ব্যবহার করেন, এই মাধ্যমগুলো তারা কীভাবে ব্যবহার করেন এবং এই মাধ্যমগুলোর কোনগুলো ব্যবহার করতে তারা বেশি পছন্দ করেন।

# যোগাযোগের ফরম্যাট/ গেম







## যোগাযোগের ফরম্যাট নির্বাচন করুন

কোন ধরন বা ফরম্যাটের অনুষ্ঠান বা বিষয়বস্তু ব্যবহার করে আপনি আপনার অডিয়েন্স বা দর্শক-শ্রোতার কাছে আপনার বার্তা পৌঁছে দিতে পারেন তা বিশ্লেষণ করার জন্য 'যোগাযোগের ফরম্যাট' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। উদাহরণ স্বরূপ, আপনার অডিয়েন্স কোন ফরম্যাটের অনুষ্ঠান পছন্দ করছেন অথবা আপনার প্রকল্পের সহযোগীরা অতীতে যোগাযোগের কোন ফরম্যাটটি সফলভাবে ব্যবহার করেছেন সে সম্পর্কে ধারণা পাওয়ার জন্য আপনি এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন।



# কর্মকাণ্ডের ধরন

পরামর্শ

**কোনো কর্মকাণ্ড পরিচালনার পরে প্রোব করা অর্থাৎ বিভিন্ন বিষয়ে অনুসন্ধানের ব্যবস্থা রাখুন। উদাহরণ স্বরূপ, আপনাকে অনুসন্ধান করে দেখতে হবে যে অংশগ্রহণকারীরা নির্দিষ্ট যে কার্ডগুলো বেছে নিয়েছেন সেগুলো তারা কেন বা কিসের ভিত্তিতে বাছাই করলেন।**

আপনি কাদের সঙ্গে এই কার্ডগুলো ব্যবহার করবেন এবং এ ধরনের অধিবেশন থেকে আপনি কী ফলাফল পেতে চান এ ব্যপারে সিদ্ধান্ত নেওয়ার পর আপনি এই কার্ডগুলো ব্যবহার করে নির্দিষ্ট কিছু কর্মকাণ্ড পরিচালনা করার পরিকল্পনা করতে পারবেন। এখানে এই কার্ডগুলো ব্যবহারের চারটি মডেল দেওয়া আছে। আপনার যোগাযোগ কৌশল সম্পর্কে অন্যদেরকে জানাতে আপনি কীভাবে এই কার্ডগুলো ব্যবহার করতে পারেন সে সম্পর্কে কিছু উদাহরণ দেওয়া হয়েছে এই মডেলগুলোতে।

পরামর্শ

**অডিয়েন্স ও সহযোগীদের সঙ্গে নিয়ে এ ধরনের কর্মকাণ্ড পরিচালনা করার আগে তা আপনার টিমের সদস্যদের সঙ্গে একবার চর্চা করে নিন। টিমের সদস্যদের সঙ্গে এই কর্মকাণ্ডটি পরিচালনা করার মাধ্যমে একই কর্মকাণ্ডে অডিয়েন্স ও সহযোগীদের কী ধরনের মতামত পাওয়া যাবে তা অনুমান করার চেষ্টা করুন। পরে আপনার অনুমান এবং অডিয়েন্স ও সহযোগীদের দেওয়া প্রকৃত মতামতগুলো মিলিয়ে দেখুন। দেখুন তো, আপনার অনুমান কি ভুল, নাকি সঠিক ছিল? আপনি কি চমদপ্রদ কেনো তথ্য পেয়েছেন? অডিয়েন্স ও সহযোগীদের এই মতামত আপনার যোগাযোগ কৌশলকে কীভাবে প্রভাবিত করবে?**

## কার্ডগুলো ক্রমানুসারে সাজানো

এক্ষেত্রে অংশগ্রহণকারীদের কোনো একটি বিষয়ের সবগুলো কার্ড একটি নির্দিষ্ট ক্রম অনুযায়ী সাজাতে বলা হয়। যেমনঃ আপনি তাদেরকে গুরুত্ব অনুযায়ী কার্ডগুলো সাজানোর কথা বলতে পারেন (সবচাইতে বেশি গুরুত্বপূর্ণ থেকে সবচেয়ে কম গুরুত্বপূর্ণ)। কোন কার্ডটি তাদের কাছে সবচেয়ে বেশি আকর্ষণীয় মনে হয় থেকে শুরু করে কোনটি সবচেয়ে কম আকর্ষণীয় এই ক্রম অনুযায়ীও কার্ডগুলো সাজানো যেতে পারে। অথবা, অংশগ্রহণকারীরা যদি অন্য কোনোভাবে কার্ডগুলো সাজানোর কাজটি কঠিন বলে মনে করেন তবে তাদেরকে 'সেরা তিনটি' কার্ড বাছাই করতেও বলতে পারেন।

অংশগ্রহণকারীরা কোন 'থিম বা মূল বিষয়'কে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ মনে করছেন তা বোঝার জন্য আপনি 'থিম বা মূল বিষয়' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এই কর্মকাণ্ডের ফলাফলের সূত্র ধরে বিষয়টি নিয়ে আরও বিস্তারিতভাবে আলোচনা করুন। যেমনঃ কেন তারা কোনো একটি বিষয় থেকে অন্য কোনো বিষয়কে গুরুত্বের বিচারে এগিয়ে রাখলেন এবং বিভিন্ন থিম (যেমনঃ পানি ও স্বাস্থ্য) একটি আরেকটির সঙ্গে কীভাবে সম্পর্কযুক্ত এই বিষয়গুলো খতিয়ে দেখার চেষ্টা করুন।



আপনার টার্গেট অডিয়েন্স বা কাঙ্ক্ষিত দর্শক-শ্রোতারা যোগাযোগের কোন ধরন বা ফরম্যাটটি পছন্দ করেন সে সম্পর্কে জানতে আপনি 'ফরম্যাট' সম্পর্কিত কার্ডগুলো কাজে লাগাতে পারেন। এক্ষেত্রে তারা তাদের পছন্দ অনুযায়ী এই কার্ডগুলো ক্রমানুসারে সাজাবেন। কার্ডগুলো সাজানোর পর যোগাযোগের ফরম্যাট নিয়ে তাদের পছন্দ-অপছন্দের বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করুন। উদাহরণ স্বরূপ, আপনি তাদের কাছে পছন্দের ফরম্যাটগুলো ব্যবহারের বাস্তব অভিজ্ঞতার কথা জানতে চাইতে পারেন এবং কেন তারা এই ফরম্যাটগুলো পছন্দ করেন তাও জিজ্ঞাসা করতে পারেন।



# কার্ডগুলোকে কয়েকটি ভাগে ভাগ করা

এই পর্যায়ে অংশগ্রহণকারীদের কোনো একটি উপাদানের সবগুলো কার্ড দেওয়া হয়। এরপর তাদেরকে এই কার্ডগুলো দুই বা ততোধিক ভাগে বিভক্ত করতে বলা হয়। এক্ষেত্রে তারা কার্ডগুলোকে 'গুরুত্বপূর্ণ' ও 'গুরুত্বপূর্ণ নয়' কিংবা 'পছন্দ' ও 'পছন্দ নয়' এমন কয়েকটি ভাগে সাজাতে পারেন।

আপনার অডিয়েন্স যোগাযোগের কোন ধরন বা ফরম্যাটটি পছন্দ করেন সে সম্পর্কে জানতে আপনি 'ফরম্যাট' সম্পর্কিত কার্ডগুলো কাজে লাগাতে পারেন। এক্ষেত্রে তারা 'পছন্দ' এবং 'পছন্দ নয়' এই দু'টি ভাগে কার্ডগুলোকে সাজাবেন। যোগাযোগের ফরম্যাট সম্পর্কিত অনেকগুলো কার্ড আছে, তাই গুরুত্ব অনুযায়ী কার্ডের ক্রম নির্ধারণের চেয়ে এভাবে কার্ড বাছাই করাটা সহজ। তবে এই পদ্ধতিতে আপনি তাদের পছন্দের বিষয়টি খুব ভালোভাবে নাও বুঝতে পারেন।



অডিয়েন্স বা দর্শক-শ্রোতাদের কোন মাধ্যমগুলো ব্যবহারের সুযোগ আছে এবং তারা এই মাধ্যমগুলো কীভাবে ব্যবহার করেন তা জানার জন্য 'যোগাযোগের মাধ্যম' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এজন্য অংশগ্রহণকারীদেরকে এই কার্ডগুলোকে তিনটি ভাগে সাজাতে বলুন—সবসময় ব্যবহার করেন এমন চ্যানেল, মাঝে মাঝে ব্যবহার করেন এবং কখনোই ব্যবহার করেন না এমন চ্যানেল। এই কর্মকাণ্ডের ফলাফলের সূত্র ধরে এই বিষয়টি নিয়ে আরও বিস্তারিতভাবে আলোচনা করুন। এ সময় কীভাবে তারা বিভিন্ন যোগাযোগের মাধ্যম ব্যবহার করেন, কোথায় এবং কাদের সঙ্গে তারা সেগুলো ব্যবহার করেন, তথ্য পাওয়ার জন্য তারা কোন মাধ্যমগুলো ব্যবহার করেন এবং যোগাযোগের কোন মাধ্যমটির প্রতি তাদের আস্থা সবচেয়ে বেশি এই বিষয়গুলোর প্রতি নজর দিন।



# দু'টি কার্ড থেকে যেকোনো একটি বেছে নেওয়া

এক্ষেত্রে অংশগ্রহণকারীদেরকে একই বিষয় বা উপাদানের দু'টি কার্ড দেখানো হয়। এরপর তাদেরকে দু'টি কার্ডের যেকোনো একটি বেছে নিতে বলা হয়। এসময় আপনি তাদের কাছে জানতে চাইতে পারেন যে এই দু'টি কার্ডের মধ্যে কোনটি তারা বেছে নিতে চান অথবা কোন কার্ডটি তাদের কাছে বেশি গুরুত্বপূর্ণ বলে মনে হয়। সবগুলো কার্ড দেখিয়ে সেগুলোর মধ্য থেকে পছন্দের কার্ড বেছে নেওয়ার চাইতে এই পদ্ধতিটি বেশ সহজ। এই প্রক্রিয়ায় প্রাণবন্ত বিতর্কের মাধ্যমে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনাও করা যায়।

কাদের জন্য যোগাযোগ পরিচালনা করতে হবে তা বোঝার জন্য 'অডিয়েন্স' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করুন। এক্ষেত্রে আপনি অংশগ্রহণকারীদেরকে জিজ্ঞাসা করতে পারেন 'কাদের উদ্দেশ্যে যোগাযোগ করাটা বেশি গুরুত্বপূর্ণ—কৃষক নাকি সরকার?' অথবা 'কাদের সঙ্গে যোগাযোগ করা বেশি প্রয়োজন-সুবিধাবঞ্চিত মানুষ নাকি স্থানীয় নেতা?' এসময় এই বিষয়গুলো নিয়ে একটি বিতর্কের পরিবেশ তৈরি করুন। তাছাড়া আপনাকে বোঝার চেষ্টা করতে হবে যে যোগাযোগ পরিচালনা করার ক্ষেত্রে বিভিন্ন ধরনের অডিয়েন্সকে টার্গেট করাটা কেন গুরুত্বপূর্ণ এবং তাদের প্রয়োজনগুলোই বা কী।



আপনার অডিয়েন্স বা সহযোগীদের দৃষ্টিতে আপনার যোগাযোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্য কী তা বুঝতে ব্যবহার করুন 'লক্ষ্য' সম্পর্কিত কার্ডগুলো। এসময় আপনি তাদেরকে 'সচেতনতা বৃদ্ধি' এবং 'আচরণগত পরিবর্তন' এই কার্ড দু'টি দেখিয়ে জিজ্ঞেস করতে পারেন যে সচেতনতা বৃদ্ধি, নাকি আচরণগত পরিবর্তন আনা বেশি জরুরী। অথবা আপনি তাদেরকে 'সক্ষমতা বৃদ্ধি' ও 'নীতিমালায় পরিবর্তন আনা' এই কার্ড দু'টি দেখিয়ে জানতে চাইতে পারেন যে এই দু'টি বিষয়ের মধ্যে কোনটি বেশি জরুরী। অংশগ্রহণকারীরা হয়তো মত দিতে পারেন যে দু'টি বিষয়ই সমান গুরুত্বপূর্ণ। তবে আপনার কাজ হবে এই লক্ষ্যসমূহ কেন তাদের কাছে গুরুত্বপূর্ণ মনে হয় তা বোঝা এবং কোন লক্ষ্যগুলোকে আপনি প্রাধান্য দেবেন বা কীভাবে এগুলোর মধ্যে সমন্বয় করবেন তা ঠিক করা।



## কার্ড মেলানো

এক্ষেত্রে অংশগ্রহণকারীদেরকে দু'টি ভিন্ন উপাদান সম্পর্কিত কার্ড মেলাতে বলা হয়। উদাহরণ স্বরূপ, আপনি তাদেরকে যেকোনো উপাদানের একটি কার্ড দিয়ে এটির সঙ্গে অন্য কোনো উপাদানের মানানসই একাধিক কার্ড খুঁজে নিতে বলতে পারেন।

অথবা তাদেরকে দু'টি উপাদানের সবগুলো কার্ড দিয়ে সেগুলো ইচ্ছামতো মেলাতে বলতে পারেন। তবে এজন্য আপনাকে কয়েক সেট কার্ড হাতের কাছে রাখতে হবে।

প্রকল্পের লক্ষ্য অর্জনে সহযোগীরা কীভাবে সাহায্য করতে পারেন তা বোঝার জন্য আপনি 'লক্ষ্য' এবং 'সহযোগী' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এক্ষেত্রে প্রথমেই অংশগ্রহণকারীদের 'ক্রমানুসারে কার্ড সাজানো'র একটি কর্মকান্ডে অংশ নিতে বলুন। এর মাধ্যমে তারা তাদের দৃষ্টিতে আপনার যোগাযোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ লক্ষ্যসমূহ চিহ্নিত করবেন। এরপর তাদেরকে একটি 'কার্ড মেলানো'র কর্মকান্ডে অংশ নিতে বলুন। এসময় তাদের কাছ থেকে জেনে নিন যে একটু আগে তারা যে লক্ষ্যগুলো চিহ্নিত করেছেন সেগুলোর প্রতিটি অর্জন করতে কোন সহযোগীরা আপনাকে সাহায্য করতে পারে।

বিভিন্ন ধরনের অডিয়েন্সের কাছে বার্তা পৌঁছানোর জন্য সবচেয়ে কার্যকর যোগাযোগ মাধ্যম কোনগুলো তা চিহ্নিত করতে আপনি 'অডিয়েন্স' ও 'যোগাযোগের মাধ্যম' সম্পর্কিত কার্ডগুলো ব্যবহার করতে পারেন। এজন্য অংশগ্রহণকারীদের 'অডিয়েন্স' সম্পর্কিত একটি কার্ড দিন। (উদাহরণস্বরূপ, এই কার্ডটির বিষয় হতে পারে 'যুবসমাজ')। এরপর তাদেরকে এই তরুণ অডিয়েন্সের ব্যবহারের সুযোগ আছে এমন সবকয়টি যোগাযোগের মাধ্যম চিহ্নিত করতে বলুন (যেমন: টেলিভিশন, মোবাইল ফোন ইত্যাদি)। এসময় কোন মাধ্যমটি যুবসমাজের কাছে সবচেয়ে জনপ্রিয় সে বিষয়েও তাদের মতামত জেনে নিন।

তাছাড়া, আপনি 'অডিয়েন্স' ও 'যোগাযোগের মাধ্যম' সম্পর্কিত সবগুলো কার্ডও অংশগ্রহণকারীদের হাতে দিতে পারেন। এরপর তাদেরকে বলুন কোন ধরনের অডিয়েন্সের জন্য কোন যোগাযোগের মাধ্যমটি সবচেয়ে উপযুক্ত তা খুঁজে বের করতে। (যেমন: কৃষকদের জন্য আন্তঃব্যক্তিক যোগাযোগ, দাতাগোষ্ঠীর জন্য প্রিন্ট মিডিয়া ইত্যাদি)।



# অধিবেশন শেষে আলোচনা



অধিবেশনটি কেমন হলো এবং এর মাধ্যমে আপনারা কী জানতে পারলেন এ বিষয়ে আপনার টিমের সদস্যদের সঙ্গে আলোচনা করুন। এই অধিবেশনের মাধ্যমে আপনি যে নতুন উপলব্ধি ও ধারণাগুলো পেয়েছেন সেগুলো ভালোভাবে টুকে রাখুন এবং আপনার যোগাযোগ কৌশল নির্মাণে এই বিষয়গুলো কীভাবে ব্যবহার করা যায় তা নিয়ে আলোচনা করুন। এসময় নিচের বিষয়গুলো মাথায় রাখুন:

- কার্ডগুলো কি অডিয়েন্স ও সহযোগীদের নিয়ে কাজ করার উপযোগী ছিল? কেন?
- তাদের কাছ থেকে পাওয়া কোনো তথ্য বা মতামত কি আপনার যোগাযোগ কৌশলে কোনো পরিবর্তন আনতে ভূমিকা রাখবে?
- আপনার অডিয়েন্স ও সহযোগীদেরকে সম্পৃক্ত করতে এই কার্ডগুলোকে আর কীভাবে ব্যবহার করা যায়?

# কৃতজ্ঞতা স্বীকার

বিবিসি মিডিয়া অ্যাকশন তাদের সবাইকেই ধন্যবাদ জানাতে চায় যারা ক্লাইমেট এশিয়া নামের এই প্রকল্পটির জন্য সাক্ষাৎকার দিতে রাজি হয়েছেন এবং এতে অংশ নিয়েছেন। ক্লাইমেট এশিয়ার সব ধরনের তথ্য ও উপাত্ত, এই যোগাযোগের কার্ডসমূহ, গবেষণা প্রতিবেদন, ডাটা পোর্টাল এবং গবেষণা পদ্ধতি সম্পর্কিত সকল তথ্যই পাওয়া যাবে www.bbcmediaaction.org/climateasia - এই ওয়েব ঠিকানায়।

বিবিসি মিডিয়া অ্যাকশন হলো বিবিসির আন্তর্জাতিক উন্নয়ন প্রতিষ্ঠান এবং এই কার্ডগুলোর সমস্ত বিষয়বস্তুর দায়িত্ব বিবিসি মিডিয়া অ্যাকশন এর। তবে কার্ডগুলোতে প্রকাশিত মতামত বা তথ্য বিবিসির নিজস্ব অথবা বিবিসি মিডিয়া অ্যাকশনকে সমর্থন করে এমন কোনো দাতা প্রতিষ্ঠানের বলে মনে করা উচিত নয়।

এই কার্ডগুলো ক্লাইমেট এশিয়া প্রকল্পের একটি অংশ যা যুক্তরাজ্যের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার অর্থায়নে পরিচালিত হচ্ছে।

## নির্দেশনা ও সমন্বয়

এই কার্ডগুলো তৈরিতে প্রয়োজনীয় নির্দেশনা ও লেখা দিয়ে সাহায্য করেছেন Jenni Parker: www.jenniparker.com

গ্রাফিক ডিজাইন: LONO Creative
www.lonocreative.com

সার্বিক সমন্বয় ও কার্ডগুলোর মূল নমুনা তৈরিতে সাহায্য করার জন্য লেখকরা নিচের সংস্থাগুলোকেও ধন্যবাদ জানাতে চান

Care International in Vietnam
Oxfam in Vietnam
WOTR, India

বিবিসি মিডিয়া অ্যাকশন যুক্তরাজ্য ও ওয়েলসে চ্যারিটি কমিশনের অধীনে নিবন্ধিত। নিবন্ধন নম্বর ১০৭৬২৩৫ এবং কোম্পানি নম্বর ৩৫২১৫৮৭।

কার্যালয়: ব্রডকাস্টিং হাউস, পোর্টল্যান্ড প্যালেস,
লন্ডন ডব্লিউ ১এ ১এএ, যুক্তরাজ্য

ফোন: +৪৪ (০) ২০ ৮০০৮ ০০০১
ফ্যাক্স: +৪৪ (০) ২০ ৮০০৮ ৫৯৭০
ইমেইল: media.action@bbc.co.uk
ক্লাইমেট এশিয়া ওয়েবসাইট: www.bbcmediaaction.org/climateasia
বিবিসি মিডিয়া অ্যাকশন ওয়েবসাইট: www.bbcmediaaction.org

কপিরাইট © বিবিসি মিডিয়া অ্যাকশন ২০১৩

BBC MEDIA ACTION

UKaid from the British people

# বিশেষ দ্রষ্টব্য

## উদ্দেশ্য ও ব্যবহার

জলবায়ু পরিবর্তন সম্পর্কিত এই যোগাযোগ কার্ডগুলোর উদ্দেশ্য হলো সাধারণ মানুষের অংশগ্রহণ বাড়ানো এবং বিষয়টির প্রতি আগ্রহী বিভিন্ন দলের জন্য বিবিসি মিডিয়া অ্যাকশনের মাধ্যমে পরিচালিত এই গবেষণা ও সংকলিত তথ্যসমূহ অলাভজনকভাবে ব্যবহারের সুযোগ করে দেওয়া। পাঠকদের এই কার্ডগুলো ব্যবহার ও তৃতীয় পক্ষের সঙ্গে ভাগাভাগি করে নেবার, পুনরায় প্রকাশ করার ও শিক্ষামূলক কাজে ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে এবং উৎসাহিত করা হচ্ছে, যতক্ষণ পর্যন্ত না এগুলো লাভজনক কোনো কাজে বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা হয়। এসব ক্ষেত্রে বিবিসি মিডিয়া অ্যাকশনকে যথাযথ স্বীকৃতি দিয়ে কার্ডগুলো ব্যবহার করতে হবে। এই কার্ডগুলো বাণিজ্যিকভাবে ব্যবহারের জন্য আগে থেকেই বিবিসি মিডিয়া অ্যাকশনের লিখিত অনুমতি নিতে হবে এবং কোনো ব্যতিক্রম উল্লেখ না করা পর্যন্ত এটি বিবিসি মিডিয়া অ্যাকশনের স্বত্ব বা কপিরাইট বলে গণ্য হবে। বিবিসি মিডিয়া অ্যাকশন তার একক সিদ্ধান্তে যেকোনো সময়ে অথবা প্রয়োজন অনুযায়ী নানা সময়ে এই কার্ডগুলোর অনলাইন পিডিএফ সংস্করণ ও অন্য যেকোনো উপায়ে কার্ডগুলো ব্যবহারের সুযোগ স্থায়ী বা অস্থায়ীভাবে পরিবর্তন করতে পারে, কার্ডগুলো প্রকাশ বা প্রচার না করা থেকে বিরত থাকতে পারে কিংবা পাঠকদের এগুলো দেখতে দেবার বা ব্যবহার করার সুবিধা বন্ধ করে দিতে পারে।

## স্বীকৃতি দেওয়া এবং সমর্থন না দেওয়া

এই কার্ডগুলো ব্যবহারের সময় বিবিসি মিডিয়া অ্যাকশনকে যথাযথ স্বীকৃতি দিতে হবে এবং এগুলো ব্যবহারের সময়ই এ বিষয়ে সম্মতি দেওয়া হয়েছে বলে ধরে নেওয়া হবে। [স্বীকৃতি দেওয়ার জন্য এই ফরম্যাটটি ব্যবহার করা যেতে পারে: বিবিসি মিডিয়া অ্যাকশন কর্তৃক সরবরাহকৃত এবং ক্লাইমেট এশিয়া প্রকল্পের একটি অংশ। বিস্তারিত জানতে ভিজিট করুন www.bbc.co.uk/climateasia] যদিও এই কার্ডগুলো যে উদ্দেশ্যে, যেভাবে ব্যবহার করা হচ্ছে বা যেভাবে এগুলো নতুন আঙ্গিকে উপস্থাপন করা হচ্ছে সেটিতে বিবিসি মিডিয়া অ্যাকশনের অংশগ্রহণ রয়েছে বা এ ধরনের ব্যবহারের ব্যয়ভার ও দায়িত্ব বিবিসি মিডিয়া অ্যাকশন বহন করছে বা অনুমোদন করছে এমনটি জনসমক্ষে প্রকাশ করা বা এ ধরনের কোনো ইঙ্গিত ব্যবহারকারীরা হয়তো দিতে পারবেন না।





## সম্পৃক্ততা না থাকা

ব্যবহারকারীরা বিবিসি মিডিয়া অ্যাকশনের লিখিত পূর্বানুমতি বা বিবিসি'র ট্রেডমার্ক লাইসেন্স চুক্তিবদ্ধ হওয়া ব্যতীত বিবিসি মিডিয়া অ্যাকশন বা বিবিসির কোনো ধরনের ট্রেডমার্ক অথবা লোগো ব্যবহার করতে পারবেন না।

## ওয়ারেন্টি না থাকা

প্রকাশের সময় পর্যন্ত এই কার্ডগুলোর তথ্য সঠিক ছিল বলেই বিবিসি মিডিয়া অ্যাকশন বিশ্বাস করে। যদিও বিবিসি মিডিয়া অ্যাকশন এই কার্ড এবং www.bbc.co.uk/climateasia-এ প্রকাশিত অন্য কোনো তথ্যের যথার্থতা ও সম্পূর্ণতা সম্পর্কে কোনো নিশ্চয়তা দিতে পারে না। বিবিসি মিডিয়া অ্যাকশন এবং এর কোনো পদস্থ কর্মকর্তা, ট্রাস্টি, প্রতিনিধি, কর্মী ও সাব-কন্ট্রাক্টর এই কার্ডগুলোর কোনো ধরনের ভুল বা বাদ পড়া বিষয়ের জন্য দায়ী থাকবেন না এবং এই কার্ডগুলোর তথ্য ব্যবহার করে কার্যত এর ফলাফলের দায়িত্বও বহন করবেন না। একই সাথে এই কার্ডগুলোর প্রকাশ্য বা অন্তর্নিহিত কোনো প্রতিনিধিত্ব বা কোনো ধরনের নিশ্চয়তার দায়, কোনো বিশেষ উদ্দেশ্যে এই কার্ডগুলোর ব্যবহারের উপযুক্ততা বা এই কার্ডগুলো ব্যবহারে প্রচলিত আইন ভঙ্গ না করার মতো কোনো বিষয়ের নিশ্চয়তা বিবিসি মিডিয়া অ্যাকশন বহন করে না।

## সীমাবদ্ধতা ও বাধ্যবাধকতা

এই কার্ড ব্যবহারকারীদের প্রত্যেককেই এটি ব্যবহারের পূর্ণ দায় নিতে হবে। তাদের এটি বুঝতে ও একমত হতে হবে যে এই কার্ডগুলোর ব্যবহার থেকে উদ্ভূত কোনো দাবি, ক্ষতি বা লোকসানের জন্য বিবিসি মিডিয়া অ্যাকশন দায়ী থাকবেনা এবং এর আওতায় যেকোনো প্রত্যক্ষ বা পরোক্ষ, প্রাসঙ্গিক, বিশেষ বা আনুষঙ্গিক হিসেবে ঘটে যাওয়া ক্ষতির মতো বিষয়গুলোর দায়ও বিবিসি মিডিয়া অ্যাকশনের নয়।

বিবিসি মিডিয়া অ্যাকশন সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে অথবা এই কার্ডগুলো বা ক্লাইমেট এশিয়া ওয়েবসাইটের কোনো তথ্য পুনর্ব্যবহারের প্রয়োজন থাকলে মেইল করুন এই ঠিকানায়: climate.asia@bbc.co.uk

# নোট